

টেকনাফ থেকে তেঁতুলিয়া ॥ কোটি কোটি মানুষ বসেছিলেন টিভির সামনে

স্টাফ রিপোর্টার ॥ টেলিভিশনের মিনি পর্দায় মার্কিন প্রেসিডেন্ট ক্লিন্টনের বাংলাদেশ সফরের বিভিন্ন দৃশ্য প্রত্যক্ষ করার জন্য তেঁতুলিয়া থেকে টেকনাফ পর্যন্ত কোটি কোটি মানুষ প্রায় সারাদিনই টিভি সেটের সামনে বসে রয়েছিলেন। দেশ জুড়েই লোকের মুখে ছিল ক্লিন্টন প্রসঙ্গ।

বন্দরনগরী চট্টগ্রাম থেকে স্টাফ রিপোর্টার জানান, উৎসুক নগরবাসী ঘুম থেকে উঠেই বসে পড়ে টিভির সামনে। ঘন্টায় ঘন্টায় বিটিভিতে প্রচারিত বিশেষ বুলেটিনের প্রতি ছিল উৎসুক দৃষ্টি। সকালে জিয়া বিমানবন্দর থেকে সরাসরি সম্প্রচারের সময় বন্দরনগরী প্রায় ফাঁকা হয়ে পড়ে। যেখানে টিভি ছিল না সেখানে লোকজনকে দলবদ্ধভাবে রেডি ও শুনতে দেখা গেছে।

কর্মবাজার থেকে স্টাফ রিপোর্টার জানান, শহর ও গ্রামাঞ্চলের লোকজন সকাল ১০টার আগেই টিভি সেটের সামনে জমায়েত হয়। অফিসে অফিসে কর্মকর্তা-কর্মচারীদের অফিসেই টিভির অনুষ্ঠান প্রত্যক্ষ করতে দেখা যায়। বগুড়া থেকে স্টাফ রিপোর্টার জানান, শুধু ঢাকা নয়, এর বাইরে বিভিন্ন শহরও ছিল মিঃ ক্লিন্টনকে ঘিরে সরব। টিভির পর্দায় স্বদেশের জাতীয় সঙ্গীতের সুর বাজার সময় ক্লিন্টনকে বুকে হাত দেয়া দেখে অভিভূত হয়েছেন দর্শকরা। মন্তব্য শোনা যায়, বিশের সবচেয়ে শক্তিধর দেশের রাষ্ট্রপ্রধান কত গভীরভাবে ভালবাসেন নিজের দেশকে। ক্লিন্টনকে নিয়ে বহু মন্তব্য শোনা গেছে। কেউ কেউ প্রশ্ন করেছেন, ‘ক্লিন্টন কি হরতাল বন্ধ ইওয়ার কোন ব্যবস্থা করতে পারেন না?’